# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৯. ৩২. কবরস্থ ব্যক্তি জীবিত হন অথবা হন না

বাইবেলের নতুন নিয়ম থেকে আমরা জানতে পারি যে, যীশু মৃত্যুর পর কবরস্থ হন এবং তিন দিন পর তিনি নতুন জীবন নিয়ে পুনরুত্থান করেন। কিন্তু বাইবেলের পুরাতন নিয়ম বলছে যে, কবরে যাওয়ার পরে কেউ পুনরুত্থিত হতে পারে না। ইয়োবের (আইউব) ৭/৯ বলছে: ‘‘মেঘ যেমন ক্ষয় পাইয়া অন্তর্হিত হয়, তেমনি যে পাতালে নামে, সে আর উঠিবে না।’’ কিতাবুল মোকাদ্দস-০৬: ‘‘মেঘ যেমন অদৃশ্য হয়ে চলে যায়, তেমনি যে কবরে যায় সে আর ফিরে আসে না।’’

আইউব বা ইয়োব ১৪/১২ নিম্নরূপ: ‘‘তদ্রূপ মনুষ্য শয়ন করিলে আর উঠে না, যাবৎ আকাশ লুপ্ত না হয়, সে জাগিবে না, নিদ্রা হইতে জাগরিত হইবে না।’’। কিতাবুল মোকাদ্দস-০৬: ‘‘তেমনি মানুষ মরলে আর ওঠে না; আসমান শেষ হয়ে না যাওয়া পর্যন্ত সে আর জাগবে না।’’

পুরাতন নিয়মের এ দুটো ঐশী বাণী নিশ্চিত করে যে, কবরস্থ হওয়ার পরে বা মরার পরে কোনো মানুষ আর ফিরে আসে না। আকাশ লুপ্ত হওয়া বা কিয়ামত হওয়ার পূর্বে কোনো মৃত মানুষ ফিরে আসবে না বা কবর থেকে উঠবে না। এ বাণীকে সত্য ধরলে যীশুর মৃত্যুর পরে পুনরুত্থানের সকল কথা মিথ্যা বলে গণ্য করতে হবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14114

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন